



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস
পাবনা
cooperative.pabna.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৩-২৪) বাস্তবায়নের লক্ষ্যে জেলা সমবায় কার্যালয়, পাবনাতে আগস্ট ২০২৩ মাসের অভিযোগ প্রতিকার কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত অভিযোগ প্রতিকার কমিটির সভা কার্যবিবরণীঃ

সভাপতি : সোলাইমান বেগ
জেলা সমবায় কর্মকর্তা ও সভাপতি অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটি।
সভার তারিখ : ১৭ আগস্ট ২০২৩।
সভার সময় : ১১.০০ ঘটিকা।
স্থান : জেলা সমবায় কার্যালয়, পাবনা।
উপস্থিতি : ০৩ (তিন) জন।


অভিযোগ প্রতিকার কমিটির উপস্থিতি: পরিশিষ্ট-“ক”

অধ্যকার সভায় সভাপতি অভিযোগ প্রতিকার কমিটির উপস্থিত সকলকে শ্রেষ্ঠা জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নে অভিযোগ প্রতিকার কমিটি, জেলা সমবায় কার্যালয়, পাবনা কর্তৃক আলোচ্যসূচি মোতাবেক ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

ক্র.ন.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		<p>১.১ নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি: অভিযোগ প্রতিকার সভার সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, অত্র অফিসে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। আলোচ্য মাসে এ ধরনের কোন অভিযোগ পাওয়া যায় নাই। ভবিষ্যতে এ সংক্রান্ত অভিযোগ পাওয়া গেল নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ২০২৩-২০২৪ সনের এপিএ চুক্তি অনুযায়ী কর্মসম্পাদন করার বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়।</p>	<p>১। অত্র অফিসে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নির্দিষ্ট সময়ে নিষ্পত্তি করতে হবে।</p>	<p>অভিযোগ প্রতিকার কমিটি।</p>

০১	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা।	<p>১.১.১ স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজিত:</p> <p>- অভিযোগ প্রতিকার কমিটির সদস্য জনাব মোঃ আনিছুর রহমান, প্রশিক্ষক জানান যে, জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া না গেলে, সেক্ষেত্রে স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজনের নির্দেশনা থাকায় ১ম অর্ধবার্ষিকীতে ১টি সভা আয়োজন করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য অর্ধবার্ষিকীতে ১টি স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>১। ১ম অর্ধবার্ষিকীতে ১টি স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন করা যেতে পারে।</p>	<p>অভিযোগ প্রতিকার কমিটি।</p>
		<p>১.২ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ:</p> <p>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, পরিদর্শককে সভার মাধ্যমে অনুরোধ করা হয়।</p>	<p>১. অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।</p> <p>২. জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, পরিদর্শক, অত্র অফিস এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p>	<p>অভিযোগ প্রতিকার কমিটি।</p>
		<p>২.১ জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালা/ স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন:</p> <p>সভায় জনাব মোঃ আনিছুর রহমান, প্রশিক্ষক জানান যে, জেলা ও উপজেলা সমবায় কর্মকর্তা/ কর্মচারীগণের সমন্বয়ে ১ম অর্ধবার্ষিকীর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রশিক্ষণ খাতে বাজেট পাওয়া গেলে নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়। প্রশিক্ষণ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জনাব মোঃ আনিছুর রহমান, প্রশিক্ষককে সভার মাধ্যমে অনুরোধ করা হলো।</p>	<p>১. জেলা ও উপজেলা সমবায় কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ১ম অর্ধবার্ষিকীর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p> <p>২। প্রশিক্ষক প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p>	<p>অভিযোগ প্রতিকার কমিটি।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২১-০৮-২০২৩

: সোলাইমান বেগ

জেলা সমবায় কর্মকর্তা ও সভাপতি অভিযোগ প্রতিকার
কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটি।

০২৫৮৮৮৪৬১৮২

dco.pabna@coop.gov.bd

৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ:

২১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৭.৬১.৭৬০০.০০০.০৬.০০৫.২৩.৩৫১২


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, পরিদর্শক, জেলা সমবায় অফিস, পাবনা;

২। জনাব মোঃ আনিছুর রহমান, প্রশিক্ষক, জেলা সমবায় অফিস, পাবনা;

৩। জনাব মো: সিরাজুল ইসলাম, প্রধান সহকারি, জেলা সমবায় অফিস, পাবনা এবং

৪। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা সমবায় অফিস, পাবনা (তঁাকে রেজুলেশনটি অত্র অফিসের ওয়েব পোর্টালে আপ-লোড করার জন্য বলা হলো)।



S. B. B.

২১-০৮-২০২৩

সোলাইমান বেগ

জেলা সমবায় কর্মকর্তা ও সভাপতি অভিযোগ প্রতিকার
কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটি।

সকল সংযুক্তিসমূহ:

(১) অভিযোগ প্রতিকার কমিটির আগস্ট-২৩ মাসে সভার উপস্থিত হাজিরা